

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৪৪

আগরতলা, ১৯ এপ্রিল, ২০২৪

সাংবাদিক সম্মেলনে ১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় নির্বাচনী ক্ষেত্রের রিটার্নিং অফিসার

১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় নির্বাচনী ক্ষেত্রে বিকেল

টো পর্যন্ত ৮০.৪০ শতাংশ ভোট পড়েছে

১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় নির্বাচনী ক্ষেত্রে বিকেল টো পর্যন্ত ৮০.৪০ শতাংশ ভোট পড়েছে। ৭-রামনগর বিধানসভা নির্বাচন ক্ষেত্রের উপনির্বাচনে বিকেল টো পর্যন্ত ভোট পড়েছে ৬৮.৬৪ শতাংশ। ১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় নির্বাচনী ক্ষেত্রে বিকাল টো পর্যন্ত সবচেয়ে বেশি ভোট পড়েছে ৩৫-বিলোনীয়া বিধানসভা ক্ষেত্রে। এখানে ভোট পড়েছে ৮৫.৬৪ শতাংশ। আজ সন্ধ্যায় পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে ১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় নির্বাচনী ক্ষেত্রের রিটার্নিং অফিসার ডা. বিশাল কুমার একথা জানান।

সাংবাদিক সম্মেলনে রিটার্নিং অফিসার আরও জানান, ১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় নির্বাচনী ক্ষেত্রের ১,৬৮৬ ভোটগ্রহণ কেন্দ্রের মধ্যে কিছু কিছু ভোটগ্রহণ কেন্দ্রে বিকাল টোর পরও ভোটগ্রহণ চলছে। আশা করা হচ্ছে আরও ২-৩ শতাংশ ভোট পড়বে। আজ শান্তিপূর্ণ ও ভয়মুক্ত পরিবেশে ভোটগ্রহণ সম্পন্ন হয়েছে। এজন্য তিনি রাজনৈতিক দলগুলিকে অভিনন্দন জানান। তিনি জানান, সকাল থেকে নির্বাচন সংক্রান্ত যে সমস্ত অভিযোগ এসেছে সাথে সাথেই ব্যবস্থা নেওয়া হয়েছে। সম্পত্তি নষ্ট বা আহত হওয়ার কোনও ঘটনা ঘটেনি। তিনি জানান, নির্বাচনে অনিয়ন্ত্রিত অভিযোগে ২ জন ভোটগ্রহণ কর্মীকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। তাছাড়াও ২ জনকে গ্রেপ্তার করা হয়েছে।
